দৈনিক বাংলা

তারিখ 15 SEP 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

60

### ৭৫ বছর পূর্তি অনুষ্ঠান সফল করার আহবান

# নয়া ভর্তি পদ্ধতি সম্পর্কে ভার্সিটি কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে ঃ ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নয়া ভর্তি পদ্ধতি সম্পর্কে বলেছেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে। শিক্ষা মন্ত্রণালয় ঘোষিত নতুন ভর্তি পদ্ধতি সম্পর্কে তিনি বলেন, তারা শুধু সুপারিশ করেছে। সুপারিশতো যে কেউই করতে পারেন। সিদ্ধান্ত নেবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২১ সেপ্টেম্বর ৭৫ বছর পূর্তি পালন উৎসব ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত বিষয় নিয়ে বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভিন্ন দৈনিকের সাংবাদিকদের এবং বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাদের সাথে পৃথক দুটি বৈঠকে উপরোক্ত কথা বলেন।

গতকাল সন্ধ্যায় ভাইস চ্যান্সেলরের বাসভবনে অনুষ্ঠিত সাংবাদিকদের সঙ্গে এ বৈঠকে ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি, জিএস খায়রুল কবির খোকন, ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শহীদ উদ্দীন চৌধুরী এ্যানী, পরিবহন সম্পাদক জাহাঙ্গীর আলম, হাবিবুল ইসলাম হাবিব, ও এবিএম মোশাররফ হোসেন উপস্থিত ছিলেন।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পদ্ধতি সম্পর্কে তিনি আরো বলেন, শিক্ষা মন্ত্রণালয় অধিভুক্ত কলেজগুলিতে নতুন ভর্তি পদ্ধতি চালু হবার ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে। যেহেতু বিশ্ববিদ্যালয়গুলি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান সেকারণে এখানে এ ব্যাপারে সুপারিশ করা হয়েছে। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন থেকে একটি প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তাই বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে এবারও ভর্তি করা হবে। আগামী জানুয়ারী ও ফেব্রুয়ারীতে নতুন বছরের জন্য ভর্তি করা হবে। এর আগে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। তবে তিনি ভর্তি পরীক্ষা হবে এবং আবেদন-

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **নয়া ভর্তি পদ্ধতি সম্পর্কে ভার্সিটি**

কারীর যোগ্যতা আরো বাড়ানো হবে বলে ইঙ্গিত দেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমদ আগামী ২১ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি অনুষ্ঠান সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করে বলেন, এদিন বিশ্ববিদ্যালয়টির জন্য ঐতিহাসিক একটি দিন। তিনি এই দিনটি উপলক্ষে জাতীয় দৈনিক পত্রিকায় বিশ্ববিদ্যালয়ের এ যাবৎকালের ঘটনা নিয়ে একটি ক্রোড়পত্র প্রকাশের জন্য সকল পত্রিকা কর্তৃপক্ষের প্রতি আহবান জানান। এ বৈঠকে তিনি আরো জানান, বিশ্ববিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উপলক্ষে মোট ৪টি অনুষ্ঠান করা হবে। প্রথমটি ২১ সেপ্টেম্বর, যেটি ডাকসুর উদ্যোগে হতে যাচ্ছে। আগামী ডিসেম্বরে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে অনুরূপ একটি ও মার্চে সকল হলের উদ্যোগে আরেকটি এবং সর্বশেষ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়ভাবে আরো একটি অনুষ্ঠান হবে।

বৈঠকে ডাকসু ভিপি আমানউল্লাহ আমান এমপি আগামী ২১ সেপ্টেম্বর ডাকসুর উদ্যোগে এ অনুষ্ঠানটি যাতে সফল হয় তার জন্য রাজনৈতিক দলগুলোর প্রতি এদিন কোন হরতাল ও অবরোধ কর্মসূচী না দেয়ার আহবান জানান। এর আগে ছাত্র সংগঠনগুলির সঙ্গে সকালে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে এ বিষয়গুলি নিয়ে তিনি আলোচনা করেন। আলোচনা সভায় ছাত্র সংগঠনগুলো বিশ্ববিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি অনুষ্ঠান পালনের ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা করা হবে বলে অনুষ্ঠানে জানান। এছাড়া ডাকসু নির্বাচনের ব্যাপারে কথা উঠলে তিনি বলেন, সেপ্টেম্বর মাসের ভিতর আমি আশা করব এ ব্যাপারে সমঝোতায় পৌছবে ছাত্র সংগঠনগুলো। এবং আগামী অক্টোবর মাসের মাঝামাঝিতে ছাত্র সংগঠনগুলোর বৈঠকে এ ব্যাপারে একটা সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি জানান। এই বৈঠকে সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তৃতা করেন ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন, ছাত্রলীগ (শো-পা) সহ-সভাপতি মাহাবুবুল হক শাকিল, জিয়াউল হক জিয়া, এমএ হাসিম রাজু, সুরঞ্জন ঘোষ, সাইফুর রহমান তপন প্রমুখ।